

2015

BENGALI

(Major)

Paper : 4.2

(Bengali Poetry)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) “আমি প্রভঞ্জনের উচ্ছ্বাস, আমি বারিধির মহাকল্লোল।”
‘প্রভঞ্জন’ শব্দের অর্থ কী?

(খ) “সু-মিশ্র মাটি, সুধা সম জল, পাখীর কণ্ঠে গান,
সকলের এতে সম অধিকার, এই তাঁর —।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “গগন ফেটে চক্র ছোটে, পিনাক-পানির শূল আসে!”
এখানে ‘পিনাক-পানি’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঘ) “সুতা দিয়ে মোরা স্বাধীনতা চাই, বসে বসে কাল গুণি!
জাগে রে জোয়ান! বাত ধরে গেল মিথ্যার তাঁত বুনি!”

কোন কবিতার অংশ?

(ঙ) ‘সব্যসাচী’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(চ) “বর্তমানে মুক্তকচ্ছ, ভবিষ্যৎ হোঁচটে ভরা।”

‘মুক্তকচ্ছ’ শব্দের অর্থ কী?

(ছ) “কুহেলি কলুষ দীর্ঘদিনের সীমা
এখনই হারাবে কৌমুদী জাগরে যে,
বিরহ জনিত ধৈর্যের ধূসরিমা
রঞ্জিত হবে দলিত শেফালি শেজে।”

কোন কবিতার অংশ?

(জ) “দেবতা তবুও ধরেছে মলিন —
স্পর্শ বাঁচায় পুণ্যের পথে হাঁটা।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঝ) ‘টপ্পা-ঠুংরি’ কবিতাটি কে রচনা করেছেন?

(ঞ) ‘বধু’ কবিতায় বধূটি জল সংগ্রহের জন্য কোথায় যেত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) “তাজি বোররাক আর উচ্চৈঃশ্রবা বাহন আমার
হিম্মত-হ্রেষা হেঁকে চলে।”

‘তাজি বোররাক’ ও ‘উচ্চৈঃশ্রবা’ বলতে কাদের
বোঝানো হয়েছে?

(খ) ‘সব্যসাচী’ কবিতার “যুগে যুগে মরে বাঁচে পুনঃ পাপ
দুমতি কুফসেনা”। পর্বে উল্লিখিত দুই কৌরবের নাম কী?

(গ) ‘টপ্পা-ঠুংরি’ কবিতার নায়ক হাওড়া স্টেশনে পৌঁছতে
কী কী বাহন ব্যবহার করেছিলেন?

(ঘ) ‘আট বছর আগের একদিন’ কবিতার মৃত্যুকামী যুবকটির
পরিবারে কে কে ছিল?

(ঙ) ‘যেখানে রূপালি’ কবিতায় উল্লিখিত রূপসি কুমারীর
দৈহিক সৌন্দর্যের যে কোনো দুটি অনুষঙ্গের উল্লেখ
করো।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) “দারিদ্র্য অসহ
পুত্র হয়ে জায়া হয়ে কাঁদে অহরহ
আমার দুয়ার ধরি!”

‘দারিদ্র্য’ কবিতায় নজরুল ইসলামের ব্যক্তিজীবনে
দারিদ্র্যের অভিজ্ঞতা কীভাবে ব্যক্ত হয়েছে তা বর্ণনা
করো।

(খ) “তব কনিষ্ঠা মেয়ে ধরনীরে দিলে দান ধূলা-মাটি,
তাই দিয়ে তার ছেলেদের মুখে ধরে সে দুধের বাটি।”
তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“ববে উৎপীড়িতের ক্রন্দন-বোল আকাশে বাতাসে ধ্বনিবে না,
অত্যাচারীর ঋড়গ কৃপাণ ভীম-রণভূমে রণিবে না
বিদ্রোহী রণ-ক্লাস্ত
আমি সেই দিন হব শান্ত।”

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

(ক) ‘শাস্ত্রী’ কবিতায় বর্ষা শেষে শরতের আগমনে প্রকৃতির যে বিশিষ্ট রূপ চিত্রিত হয়েছে তা বর্ণনা করো।

(খ) “দিন মোর কর্মের প্রহারে পাংশু,
রাত্রি মোর স্বলন্ত জাগ্রত স্বপ্নে।”

তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) ব্যাখ্যা করো :

জানিনি আগে, ভাবিনি কখনো
এত লোক জীবনের বলি,
মানিনি আগে
জীবিকার পথে-পথে এত লোক,
এত লোক গোপনসঞ্চারী
জীবন যে পথে বসিয়েছে জানিনি মানিনি আগে।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

(ক) “মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তুর্ষ।”
‘বিদ্রোহী’ কবিতায় কবির বিদ্রোহের স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) ‘সব্যসাচী’ কবিতায় কবি ‘মহাভারত’-এর পৌরাণিক ঘটনা এবং ‘রামায়ণ’-এর সীতাকেন্দ্রিক বৃত্তান্তের মধ্যেও বিদ্রোহ, বিপ্লব এবং সাম্যবাদের যে বাণী সঞ্চারিত করে দিয়েছেন তা আলোচনা করো।

(গ) ‘আজ সৃষ্টি সুখের উল্লাসে’ কবিতার মর্মার্থ বিশ্লেষণ করো।

(ঘ) ‘ফরিয়াদ’ কবিতায় কবি প্রচলিত রাজনৈতিক এবং সামাজিক ব্যবস্থার বিরুদ্ধে যে তীব্র ঘৃণা ও আক্ষেপ প্রকাশ করেছেন তা ব্যক্ত করো।

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

(ক) এক নিস্তব্ধ দুপুরে কাকের ডাক কবির মনে যে অনির্বচনীয় ভাবের সঞ্চার করেছিল তা ‘কাক ডাকে’ কবিতার অনুসরণে আলোচনা করো।

(খ) “নিরালা কাল আপন মনে
পুরানো বিষণ্ণতা হাওয়ায় বোনে।”
‘নিরালা’ কবিতার মূল বক্তব্য বিশ্লেষণ করো।

(গ) ‘রূপান্তর’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) ‘বধূ’ কবিতায় গ্রাম-জীবন ও শহর-জীবনের যে তুলনামূলক ছবি চিত্রিত হয়েছে তা বিশ্লেষণ করো।

★ ★ ★